গণ বিশ্ববিদ্যালয়ে সেমিস্টার ফাইনাল পরীক্ষা শুরু



ছবি: লেন্স এশিয়া

গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) এপ্রিল-অক্টোবর ২০২৬ সেশনের সেমিস্টার ফাইনাল পরীক্ষা শুরু হয়েছে। বুধবার (২৮ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের নির্ধারিত কেন্দ্রগুলোতে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) এপ্রিল-অক্টোবর ২০২৬ সেশনের সেমিস্টার ফাইনাল পরীক্ষা শুরু হয়েছে। বুধবার (২৮ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের নির্ধারিত কেন্দ্রগুলোতে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর সূত্রে জানা গেছে, এবারের পরীক্ষায় পাঁচটি অনুষদের ১৭টি বিভাগের মোট ৪৩৪ জন শিক্ষার্থী অংশ নিচ্ছেন। প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা চলবে।

সর্বশেষ তথ্য অনুযায়ী, পরীক্ষা শুরুর পর এখন পর্যন্ত কোনো অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। পরীক্ষা চলাকালে কেন্দ্রগুলো পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক, প্রক্টরিয়াল বডির সদস্য, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, এপ্রিল-অক্টোবর ২০২৬ সেশনের তত্ত্বীয় পরীক্ষা ২৮ অক্টোবর শুরু হয়ে আগামী ১৭ নভেম্বর পর্যন্ত চলবে।